

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সংক্রান্ত মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনাসমূহের বাস্তবায়ন কাজের অগ্রগতি প্রতিবেদনঃ

প্রতিশ্রুতিঃ

ক্র.নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি	প্রতিশ্রুতি প্রদানের তারিখ	প্রতিশ্রুতি বাস্তবায়ন	বাস্তবায়নের অগ্রগতি
১	সিরাজগঞ্জ সরকারি ভেটেরিনারি কলেজ স্থাপন করা।	০৯.০৪.২০১১	বাস্তবায়নাধীন	<ul style="list-style-type: none"> ● জানুয়ারী/২০১৩ হতে জুন/২০১৮ ইং পর্যন্ত (২য় সংশোধিত) মেয়াদী সিরাজগঞ্জ ভেটেরিনারি কলেজ স্থাপন প্রকল্পের ভূমি অধিগ্রহণ, ভূমি উন্নয়ন ও ডাবল কেবিন পিকআপ ক্রয় সম্পন্ন হয়েছে। একাডেমিক ভবনসহ অন্যান্য নির্মাণ কাজ চলমান রয়েছে।
২	মৎস্যচাষে দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে সিরাজগঞ্জ মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউট স্থাপন করা।	০৯.০৪.২০১১	বাস্তবায়নাধীন	<ul style="list-style-type: none"> ● মৎস্যচাষে দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়িত “গোপালগঞ্জ, কিশোরগঞ্জ ও সিরাজগঞ্জ জেলায় মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউট স্থাপন” প্রকল্প এর মাধ্যমে বেলকুচি, সিরাজগঞ্জ মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউট স্থাপন করা হয়েছে। ● প্রকল্পের আওতায় ইতোমধ্যে ১টি প্রশাসনিক ভবন, ১টি প্রিন্সিপালের বাসভবন, ১টি একাডেমিক ভবন, ১টি ইনস্ট্রাকটর ডরমেটরী, ১টি ইরোশন প্রটেকশন কাম বাউন্ডারি ওয়াল ও ১টি গ্যারেজ নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। ১টি ছাত্রাবাস নির্মাণ কাজ শেষ পর্যায়ে রয়েছে। ১টি ছাত্রীনিবাস ও ১টি স্টাফ ডরমেটরী ১টি অডিটোরিয়াম, ১টি মসজিদ, ১টি বিদ্যুৎ সাবস্টেশন এবং ১টি হ্যাচারি বিল্ডিং ও হ্যাচারি কম্পোনেন্ট নির্মাণের কাজ চলমান রয়েছে।
৩	জেলেদের জন্য কৃষির অনুরূপ পরিচয় পত্র প্রদানের ব্যবস্থা গ্রহণ।	২১.০৭.২০১০	বাস্তবায়নাধীন	<ul style="list-style-type: none"> ● জেলেদের জন্য কৃষির অনুরূপ পরিচয় পত্র প্রদানের লক্ষ্যে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়িত “জেলেদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান” প্রকল্প কর্তৃক সারাদেশ ব্যাপী জেলেদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। এ প্রকল্পের আওতায় এ পর্যন্ত ৬৪ টি জেলার ৪৮২ টি উপজেলার ১৪ লক্ষ ৮৫ হাজার জেলের নিবন্ধন করা হয়েছে। ১৪ লক্ষ ৫০ হাজার জেলের ডাটা এন্ট্রি করা হয়েছে। ১২ লক্ষ ৩০ হাজার আইডি কার্ড প্রস্তুত করা হয়েছে।
৪	গোপালগঞ্জ জেলায় হাঁস-মুরগির হ্যাচারী স্থাপন করা।	০৩.০৫.২০১০	বাস্তবায়নাধীন	<ul style="list-style-type: none"> ● হ্যাচারীসহ আঞ্চলিক হাঁস প্রজনন খামার স্থাপন প্রকল্প (২য় পর্যায়) (০১/১০/২০১১ হতে ৩০/০৬/২০১৭ ইং) এর আওতায় সিরাজগঞ্জ, মাদারীপুর, মাগুড়া, ময়মনসিংহ, নেত্রকোনা, হবিগঞ্জ, বাগেরহাট, নীলফামারী, কুড়িগ্রাম, ভোলা, পটুয়াখালী, কিশোরগঞ্জ ও গোপালগঞ্জ-এ হ্যাচারী স্থাপনের কার্যক্রম চলমান।
৫	চাঁদপুর মৎস্য গবেষণা কেন্দ্রে ডিপ্লোমা কোর্স চালুকরণ।	২৭.০৪.২০১০	বাস্তবায়িত	<ul style="list-style-type: none"> ● মধ্যম পর্যায়ে প্রযুক্তি জ্ঞানসম্পন্ন দক্ষ জনশক্তি সৃষ্টি করার লক্ষ্যে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতায় বিগত ১৬/০৯/২০১৫ খ্রি. তারিখ হতে মৎস্য প্রশিক্ষণ ইনস্টিটিউট, চাঁদপুরস্থ মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউটে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ফিসারিজ কোর্স চালু করা হয়েছে। ইতোমধ্যে এ ইনস্টিটিউট থেকে দু'ব্যাচে ৪৫ জন মৎস্য বিষয়ে ডিপ্লোমা ডিগ্রি অর্জন করেছেন। চাঁদপুরস্থ মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউট এ প্রতিবছর ৪০ জন শিক্ষার্থী ভর্তি হয়। বর্তমানে উক্ত ইনস্টিটিউটটি মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের রাজস্ব খাতের অর্থায়নে যথাযথভাবে পরিচালিত হচ্ছে।
৬	জাটকা ধরা বন্ধ রাখলে ১০ কেজির বদলে মাসিক ৩০ কেজি চাল প্রদান।	৩০.০৭.২০০৯	বাস্তবায়িত	<ul style="list-style-type: none"> ● ইলিশ মাছের উৎপাদন বৃদ্ধির ধারা অব্যাহত রাখার জন্য দরিদ্র জেলেদের ডিজিএফ প্রদান সরকারের একটি যুগান্তকারী পদক্ষেপ। ২০১২-১৩ অর্থবছরে দরিদ্র জাটকা জেলে পরিবারকে মাসে ৩০ কেজি হারে চাল প্রদান করা হলেও ২০১৩-১৪ অর্থবছর হতে তা বৃদ্ধি পেয়েছে। এর ধারাবাহিকতায় ২০১৪-১৫ অর্থবছরে পরিবার প্রতি ৪০ কেজি হারে ২,২৪,১০২ টি পরিবারকে মোট ৩৫,৮৫৬.৩২ মে.টন চাল প্রদান করা হয়েছে।

